

Brief Profile of Mr. Sujan Debnath

Mr. Sujan Debnath is the Assistant High Commissioner of Bangladesh in Birmingham, United Kingdom. A career diplomat and an officer of the 28th BCS (Foreign Affairs) cadre, he joined the Ministry of Foreign Affairs in 2010. Mr. Debnath holds Master's degrees in International Relations and Diplomacy from the Australian National University, an MBA from the Institute of Business Administration (IBA) of the University of Dhaka, and a Bachelor's degree in Computer Science and Engineering from Shahjalal University of Science and Technology.

Prior to assuming his responsibilities as Assistant High Commissioner in Birmingham, he served in various capacities at the Ministry of Foreign Affairs in Dhaka and in Bangladesh Missions abroad. At the Ministry, he held positions including Director (West Europe & European Union Wing), Director (East Europe & CIS Wing), Director (Myanmar Wing), Senior Assistant Secretary (South-East Asia), and Assistant Secretary (South-East Asia). Additionally, he served as a diplomat in various roles at the Embassy of Bangladesh in Athens, Greece, and also in Thimphu, Bhutan.

Mr. Sujan Debnath is also an author who enjoys writing in his leisure time. His published works include the historical novel Hemlock-er Nimontron (Taste of Hemlock), the short story collection Kirtinasha, and the poetry anthologies Homer Sagore Himalaya (Himalayas in the Homeric Sea) and Monkharaper Uthon (The Courtyard of Melancholy).

He is married and is the father of two children.

জনাব সুজন দেবনাথের সংক্ষিপ্ত পরিচিতি

জনাব সুজন দেবনাথ, যুক্তরাজ্যের বার্মিংহামে নিযুক্ত বাংলাদেশের সহকারী হাইকমিশনার। তিনি একজন ক্যারিয়ার কূটনীতিক, ২৮তম বিসিএস কর্মকর্তা, ২০১০ সালে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করেন। মিঃ দেবনাথ অস্ট্রেলিয়ান ন্যাশনাল ইউনিভার্সিটি থেকে আন্তর্জাতিক সম্পর্ক ও কূটনীতিতে স্নাতকোত্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট থেকে এমবিএ, এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার এঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি অর্জন করেছেন।

বার্মিংহামে সহকারী হাইকমিশনারের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশে বাংলাদেশ মিশনে বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ে তিনি পরিচালক (পশ্চিম ইউরোপ ও ইউরোপীয় ইউনিয়ন উইং), পরিচালক (পূর্ব ইউরোপ ও সিআইএস উইং), পরিচালক (মিয়ানমার উইং), সিনিয়র সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া), সহকারী সচিব (দক্ষিণ-পূর্ব এশিয়া) সহ বিভিন্ন পদে দায়িত্ব পালন করেছেন। এছাড়া গ্রিসের এথেন্সে এবং ভুটানের থিম্পুতে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে কূটনীতিবিদ হিসাবে বিভিন্ন পদে কর্মরত ছিলেন।

জনাব সুজন দেবনাথ একজন লেখক, অবসর সময়ে লিখতে পছন্দ করেন। তাঁর প্রকাশিত বইসমূহ হচ্ছে ঐতিহাসিক উপন্যাস “হেমলকের নিমন্ত্রণ”, ছোটগল্প “কীর্তিনাশা”, কাব্যগ্রন্থ “হোমার সাগরে হিমালয়” এবং “মনখারাপের উঠোন”।

তিনি বিবাহিত এবং তার দুটি সন্তান রয়েছে।